ভারতে সাম্প্রদায়িকতা, উগ্রতা ও সংখ্যালঘু নির্যাতন হয় মাঠে ময়দানে। বাংলাদেশে সাম্প্রদায়িকতা, উগ্রতা ও সংখ্যালঘু নির্যাতনের খবর ছড়ায় মিডিয়ায়। বাস্তব ময়দানে তেমন কিছু না ঘটলেও মিডিয়ার ময়দান জুড়ে এদেশে ইসলাম ও মুসলমানকে ভিলেন হিসেবে উপস্থাপন করা হয়।

বিজেপির উত্থান কালে তসলিমা নাসরিনকে দিয়ে ‘লজ্জা’র মতো উপন্যাস লেখানো হয়েছিল। ভারতে যখন মুসলমানদের কচুকাটা করা হচ্ছিল তখন এই বইয়ে তসলিমা দেখিয়েছে বাংলাদেশে হিন্দুদেরকে ব্যাপক নির্যাতন করা হচ্ছে।

বিজেপি ও ভারতীয় গোয়েন্দা সংস্থার উপহার-উপঢৌকন এ কাজের পেছনে ছিল বলে অনেক তথ্য পরে সামনে এসেছে। বর্তমানে বাংলাদেশের উগ্রতা বিরোধী সিনেমা বানানোর মানে গোটা ভারত জুড়ে মানবতাবিরোধী গেরুয়া সন্ত্রাসকে চাপা দিয়ে বাংলাদেশকে আবারো এক্ষেত্রে ভিলেন হিসেবে দেখানো।

এখানে বিজেপি স্বার্থ, ‘র’-এর স্বার্থ, মুসলিম দমনমূলক উগ্র হিন্দু স্বার্থ প্রতিষ্ঠার একটা ভয়ংকর খেলা আছে! খেলা এই একটি সিনেমা দিয়েই হচ্ছে না, মিডিয়ার খবর, নাটক, বিনোদন-সংস্কৃতি, শিল্প, শোবিজ এবং পতিত বুদ্ধিবৃত্তির ক্ষেত্রগুলোতে ব্যাপকভাবে হচ্ছে।

কোনো কোনোটা চোখে পড়ে যাচ্ছে ‘কমান্ডো’ সিনেমার মতো। সাংস্কৃতিক, গণমাধ্যমগত এবং গোয়েন্দা ও প্রতিরক্ষা স্বার্থসংশ্লিষ্ট এজাতীয় দুষ্ট শিল্প প্রবণতা রুখে দেওয়ার সর্বাত্মক উদ্যোগ দরকার। সব মহলে, সব সময়।

লেবাননে সিরীয় শরণার্থী শিবিরে অগ্নিকাণ্ড

লেবাননে সিরিয়ান শরণার্থী শিবিরে ভয়াবহ অগ্নিকাণ্ডের ঘটনা ঘটেছে। এ ঘটনায় পুড়ে গেছে অন্তত শতাধিক শরনার্থীর আশ্রয়স্থল।

গত ২৬ ডিসেম্বর স্থানীয় সময় রাতে ঘটনাটি ঘটে। খবর এএফপি।

লেবাননে জাতিসংঘের শরণার্থী সংস্থার মুখপাত্র খালেদ কাব্বারা জানিয়েছেন, আগুনের জেরে চারজনকে গুরুতর আহত অবস্থায় হাসপাতালে ভর্তি করা হয়েছে।

তিনি জানায়, আগুন লাগার পর তা দ্রুত ছড়িয়ে পড়ে। কারণ শিবিরটি তৈরি করা হয়েছিল পলিথিন এবং কাঠ দিয়ে। সেখানে অন্তত ৭৫টি পরিবারের প্রায় ৩৭৫ জন সিরীয় শরনার্থী বসবাস করতো। শিবিরটি এখন পুরোপুরি পুড়ে ছাই হয়ে গেছে।

লেবাননের গণমাধ্যমের খবরে বলা হয়েছে,লেবাননের একটি পরিবারের সঙ্গে শরণার্থী শিবিরের একজন শ্রমিকের দ্বন্দ্ব হয়। সেই ঘটনার জেরে হাতাহাতির পর রাতের বেলায় অগ্নিকাণ্ডের ঘটনা ঘটে।

লেবাননে প্রায় এক মিলিয়নেরও বেশি সিরীয় শরণার্থী বাস করছেন।

মিঃ কাবারা জানায় যে, প্রায়ই সিরিয়ার শরণার্থীদের সাতে স্থানীয় বাসিন্দারা বিভেদে জড়িয়ে পড়ে। ফলে এসব বিভেদের কারণে শরনার্থীদের জীবন দূর্বিষহ হয়ে পড়ছে।

ফিলিস্তিন | হাসপাতালে ইসরায়েলের হামলা, গর্ভবতী নারী আহত

ফিলিস্তিন স্বাস্থ্য কমপ্লেক্সে একজন গর্ভবতী নারী এবং অন্য একজন নার্স মারাত্মকভাবে আহত হয়েছে।

গত ২৭ ডিসেম্বর ভোরে পশ্চিম তীরের রামাল্লাহ শহরের একটি হাসপাতালে এ ঘটনা ঘটে। খবর কুদুস নিউজ নেটওয়ার্ক।

খবরে বলা হয়, দখলদার সেনারা হাসপাতালের রোগী ও স্বাস্থ্য কর্মীদের লক্ষ্য করে অনবরত এলোপাতাড়ি রাবার বুলেট ও টিয়ারগ্যাস নিক্ষেপ করে। এ হামলায় একজন গর্ভবতী নারীর কাঁধ ও অন্য একজন সেবিকা বাহুতে আহত হয়।

হাসপাতাল কর্তৃপক্ষ জানায়, ভোর ৪ : ৩০ মিনিটে ইসরায়েলের সেনারা রাবার বুলেট ও টিয়ারগ্যাস নিক্ষেপ করতে শুরু করে।

এই হামলার ফলে হাসপাতালে আতঙ্ক ছড়িয়ে পড়ে। বিশেষত শিশুদের মধ্যে। টিয়ারগ্যাসে দম বন্ধ হয়ে এদিক ওদিক ছুটোছুটি করে রোগীরা। এতে রোগীদের ফুসফুসে সমস্যা বাড়ার সম্ভাবনা সৃষ্টি হয়েছে বলে জানিয়েছে হাসপাতাল কর্তৃপক্ষ।

সহকর্মীর পুত্রকে বলাৎকার চেষ্টার সময় ৭১টিভির সিনিয়র সাংবাদিক হাতেনাতে ধরা

সহকর্মীর শিশু পুত্রকে বলাৎকার চেষ্টা ও নিপীড়নের সময় ধরা পড়েছে ইসলাম বিদ্বেষী প্রচাম মাধ্যম একাত্তর টিভির সিনিয়র সাংবাদিক হাোসাইন সাোহেল।

জানা গেছে, একাত্তর টিভির এক প্রডিউসারের বাসায় মদের পার্টিতে মাতাল ছিল সাংবাদিক সাোহেল ও তার অন্য বন্ধুরা। ভাোর চারটার দিকে ওই প্রডিউসারের ইংলিশ মিডিয়ামে পড়ুয়া আট বছরের ছেলেকে যৌন নিপীড়ন ও ধর্ষণের চেষ্টা করে সাোহেল।

এসময় শিশুটির বাবা এসে হাতেনাতে ধরে ফেলে সাংবাদিক সাোহেলকে। ঘটনার আকস্মিকতায় হতভম্ব হয়ে পড়ে একাত্তর টিভির ওই প্রডিউসার, সে নিজেও মাতাল ছিল। পরের দিন অফিসে এসে অভিযাোগ দেয়।

এরপর সাোহেল একাত্তর টিভিতে গেলে সেখানে কর্মরত কয়েকজন নারী সাংবাদিক সাোহেলকে পেটায়। চলতে থাকে চড়-থাপ্পড়, লাথি-ঘুষি। অভিযোগ আছে, সাোহেল শুধু মদ নয় বরং আরো নানা ধরনের মাদকদ্রব্য সেবন করে থাকে। তার বিরুদ্ধে এর আগেও একাধিক নারী ঘটিত অভিযাোগ ছিল একাত্তর টিভিতে।

অন্যায়ভাবে মুসলিম শিশুদের লাশ পুড়িয়ে ফেলছে শ্রীলঙ্কা

লাশ কবর দেয়ার ইসলামী নিয়ম না মেনে করোনায় মারা যাওয়া মুসলিম শিশুদের লাশ পুড়িয়ে ফেলছে শ্রীলঙ্কা। সম্প্রতি জোরপূর্বক ২০ দিন বয়সের এক মুসলিম শিশুর লাশ পুড়িয়ে ফেলার ঘটনায় ক্ষুব্ধ শ্রীলকার মুসলিমসহ অন্য ধর্মালম্বীরা।

মোহাম্মদ ফাহিম ও ফাতিমা শাফনার ঘরে জন্ম নিয়েছিল ২০ দিনের শিশুটি। দীর্ঘ ছয় বছরের অপেক্ষার পর তাদের ঘর আলো করে এসেছিল নবজাতক। কিন্তু দুর্ভাগ্যক্রমে করোনাভাইরাসে আক্রান্ত হয়ে শিশুটি মারা যায়।

গত ৭ ডিসেম্বর রাতে শিশুর বাবা-মা খেয়াল করলেন শিশুটির নিঃশ্বাস নিতে কষ্ট হচ্ছে। এ অবস্থায় দ্রুত তাকে দ্য লেডি রিজওয়ে হাসপাতালে নিয়ে যাওয়া হয়।

লেডি রিজওয়ে হাসপাতালে পরীক্ষা-নিরীক্ষা পর শিশুর করোনাভাইরাস ধরা পড়ে। চিকিৎসকরা তখন বাবা-মাকে শিশুর গুরুতর অবস্থার কথা জানায়। পরে বাবা-মাকে করোনা টেস্ট করা হলে ফলাফল নেগেটিভ আসে।

এই অবস্থায় শিশুকে হাসপাতালে রেখে বাবা-মাকে বাড়িতে পাঠিয়ে দেয়া হয়। এর পরের দিনেই হাসপাতালের স্টাফরা তাদের ডেকে জানায়, শিশুটি বেঁচে নেই।

এই শিশুর মৃত্যু করোনাভাইরাসে হয়েছিল কিনা তা নিশ্চিত হওয়ার জন্য বাবা-মা শিশুর পিসিআর টেস্টের অনুরোধ করেছিলেন। কিন্তু হাসপাতাল কর্তৃপক্ষ টেস্ট করতে অস্বীকৃতি জানায়। পরে শিশুর লাশ পুড়িয়ে ফেলার অনুমতি দেয়ার জন্য চিকিৎসকরা পুরুষ অভিভাবককে একটি সরকারি নথিতে স্বাক্ষর করতে বললে শিশুর বাবা ফাহিম তা প্রত্যাখ্যান করেন।

তিনি ইসলামে লাশ পুড়ানো হারাম উল্লেখ করে সন্তানকে মুসলিম রীতিতে দাফনের দাবী জানান। কিন্তু সরকারী কর্তৃপক্ষ দাবী উপেক্ষা করে শিশুর লাশ পুড়িয়ে ফেলে। অন্য অনেক মুসলমানদের মতো শুধুমাত্র করোনাভাইরাসে মারা যাওয়ার কারণে তাদের প্রিয়জনদের লাশ পুড়িয়ে ফেলা হয়েছে।

ফাহিম বলেন, আমার শিশুর লাশ ফিরিয়ে দেয়ার জন্য বহুবার অনুরোধ জানিয়েছি। কিন্তু কর্তৃপক্ষ কর্ণপাত করেনি।

সম্প্রতি বিশ্ব স্বাস্থ্য সংস্থা (ডব্লিওএইচও) মুসলমানদের লাশ অযৌক্তিকভাবে পুড়িয়ে ফেলার বিষয়টি লক্ষ্য করে শ্রীলঙ্কাকে দেশটির দাহনীতি পরিবর্তন করতে বলেছে।

২০ দিনের শিশুর লাশ পুড়ানোর খবরটি ভাইরাল হলে মুসলমান-খ্রিস্টানসহ বিভিন্ন ধর্ম ও জাতিগোষ্ঠী এর প্রতিবাদে রাস্তায় নামে।

বিষয়টি নিয়ে সামাজিক যোগাযোগ মাধ্যমেও প্রতিবাদ হয়েছে। কেউ কেউ দাবি করেছে, মুসলমানরা যাতে সঠিকভাবে লাশ দাফন করতে না পারে এজন্যে শ্রীলংকা সরকার রাতারাতি কফিন হিসেবে পরিচিত ‘সাদা কাপড়’ বাজার থেকে সরিয়ে দিয়েছে। অনেক মুসলমান এটিকে সরকারের বর্ণবাদী কৌশল বলে দাবি করেছেন। সূত্র : বিবিসি, দি ইসলামিক ইনফরমেশন।

কাশ্মীরে আপেল বাগানে মালাউন পুলিশের নিধন যজ্ঞ, গুঁড়িয়ে দেওয়া হল স্থানীয়দের ঘরবাড়ি

বিতর্কিত কৃষি আইন ঘিরে ভারতের বিভিন্ন প্রান্তে চলছে ক্ষোভ- প্রতিবাদ। বিক্ষোভ চলাকালীন জম্মু কাশ্মীর প্রশাসনের নির্দেশে উপত্যকায় ১০ হাজারেরও বেশি আপেল গাছ কেটে ফেলা হয়েছে। যেসব আপেল বাগান সাত পুরুষ ধরে করে আসছেন স্থানীয় বাসিন্দারা। হাজার হাজার আপেল গাছ নিধন ছাড়াও সরকারি বুলডোজার দিয়ে স্থানীয়দের ঘরবাড়ি গুঁড়িয়ে দেওয়া হয়েছে।

কাশ্মীরের আপেল চাষীরা এমনিতেই ন্যায্য মূল্য পান না। এমনকি ভারতীয় কৃষকদের মতো ন্যায্যমূল্যের দাবি করার কোনো সুযোগও তাদের নেই। তারপরও তারা বাগানগুলো করেন খুবই যত্নসহকারে। সারা বছরই ওই বাগান থেকে রোজগারের টাকায় চলে সংসার।

গত বছর রাজ্যের বিশেষ মর্যাদা কেড়ে নেওয়ার পর থেকে এমনিতেই গোটা দেশ থেকে প্রায় বিচ্ছিন্ন কাশ্মীর উপত্যকা। ভাটা পড়েছে পর্যটন শিল্পেও। তাই বংশপরম্পরায় লালিত-পালিত

আপেল বাগানের পরিচর্যাতেই মন দিয়েছিলেন স্থানীয় বাসিন্দাদের একাংশ, যাতে শীতের মওসুমে কিছু রোজগার হয়। কিন্তু চোখের সামনে সেই বাগানই ধূলিসাৎ হয়ে যেতে দেখলেন তারা।

গত কয়েক দশক ধরে অক্লান্ত পরিশ্রম করে সযত্নে এ আপেল বাগানগুলো তারা তৈরি করেছেন। এবার সরকারি বুলডোজারের নিচে ধুলোয় মিশে গিয়েছে। এ নিয়ে বিশেষ প্রতিবেদন প্রকাশ করেছে আলজাজিরা, এনডিটিভি ও আনন্দবাজার পত্রিকা।

খবরে বলা হয়, জম্মু-কাশ্মীর প্রশাসনের নির্দেশে উপত্যকায় ১০ হাজারের বেশি আপেল গাছ কেটে ফেলা হয়েছে।

মধ্য কাশ্মীরের বদগাম জেলার কানিদাজান-সহ আশেপাশের এলাকাতেই মূলত আপেল গাছ নিধন শুরু হয়। গুর্জর এবং বাখরওয়াল, এই দুই মুসলিম যাযাবর গোষ্ঠীর বাস সেখানে। ১৯৯১ সালে তফসিলি উপজাতি হিসেবে স্বীকৃতি পায় এই দুই গোষ্ঠী। তাদের আপেল বাগানেই নিধন যজ্ঞ চালিয়েছে বন দফতর। এলাকায় মাটির কুঁড়েঘর বানিয়ে এত দিন থাকছিলেন ওই দুই গোষ্ঠীর মানুষ। সেগুলিও গুঁড়িয়ে দেওয়া হয়েছে।

স্থানীয় বাসিন্দা, ৬০ বছর বয়সি আবদুল গনি ওয়াগে জানিয়েছেন, কাউকে কিছু না জানিয়ে নভেম্বর মাসে আপেল গাছ নিধনযজ্ঞ শুরু হয়। শ্রীনগর থেকে ৫০ কিলোমিটার দূরে দেড় বিঘে জমি রয়েছে আবদুলের। তাতে আপেল চাষ করতেন তিনি।

আবদুল গনির অভিযোগ, ১০ নভেম্বরের সকালে বাড়িতেই ছিলেন তিনি। হঠাৎ খবর পান যে একদল লোক কুড়াল-করাত নিয়ে তার বাগানে হাজির হয়েছেন। তড়িঘড়ি সেখানে ছুটে যান তিনি। কিন্তু গিয়ে দেখেন, পুলিশ এবং সিআরপিএফ-এর তত্ত্বাবধানে নির্বিচারে গাছ কেটে চলেছেন বন দফতরে লোকজন।

আবদুল গনি জানান, আপেল বাগানে ৫০টি গাছ ছিল তাঁর। তার উপর নির্ভর করেই সংসার চলত। ৭ মেয়ে রয়েছে তাঁর। মেয়েদের ভবিষ্যৎ নিয়ে পুলিশের কাছে অনুনয় বিনয়ও করেন

তিনি। কিন্তু কোনও লাভ হয়নি। বরং বছর ৫০ আগে বাবার কাছ থেকে শিখে নিজে হাতে যে গাছগুলি বসিয়েছিলেন, কুড়ুলের ঘায়ে সেগুলি একের পর এক মাটিতে লুটিয়ে পড়তে দেখেন।

উপত্যকার সংবাদ মাধ্যম সূত্রে জানা গিয়েছে, গত ১০ নভেম্বর, বনদফতরের ৫০ জন আধিকারিকের তত্ত্বাবধানে সারা দিনে প্রায় ১০ হাজার আপেল গাছ কেটে ফেলা হয় উপত্যকায়। গ্রামের মোড়ল মুহম্মদ আহসান জানান, গাছ কাটার বিরোধিতা করে স্থানীয়দের মধ্যে অনেকেই এগিয়ে গিয়েছিলেন। কিন্তু সরকারি কাজে বাধা দিলে মামলা করা হবে বলে হুমকি দিয়ে তাঁদের পিছু হটতে বাধ্য করা হয়। মহম্মদ আহসান আক্ষেপ করে বলেন, "আপেল গাছের ডাল অত্যন্ত সরু এবং নরম। কুড়ুলের এক-দু'ঘাও সহ্য করার ক্ষমতা নেই।"

নাম প্রকাশে অনিচ্ছুক এক আপেলচাষি সংবাদ মাধ্যমে বলেন, "এতদিন আপেল বাগানেই সারাদিন কেটে যেত। কিন্তু ২০ দিন হয়ে গেল, আপেল বাগানে পা রাখিনি। গাছ কেটে ফেলার পর খাঁ খাঁ করছে বাগান। ওখানে যাওয়ার মতো মনের জোর আর নেই আমার।"

কাশ্মীরে আপেল বাগানগুলি বন দফতরের জমির ওপর তৈরি বলে দাবি সরকারের। সাত পুরুষ ধরে সেখানে আপেল চাষ করে আসছেন গুর্জর এবং বাখরওয়ালরা। শুধু এই গুর্জর এবং বাখরওয়ালরাই নন, দেশের ১০ লক্ষের বেশি তফসিলি উপজাতি এবং বনবাসীরা বন অধিকার আইন ভোগ করেন। অর্থাৎ বনাঞ্চলে বসবাসের অধিকার যেমন রয়েছে তাদের, তেমনই সেখানে বসবাসের অধিকারও রয়েছে তাদেরই। কাগজে কলমে ওই জমির উপর মালিকানাও ভোগ করেন তারা।

এক সময় রাজ্য থাকলেও জম্মু-কাশ্মীরে আজও ওই আইন কার্যকর হয়নি। গত বছর উপত্যকার জন্য সংরক্ষিত সংবিধানের ৩৭০ অনুচ্ছেদ প্রত্যাহার করার পর, ১৫৫টি কেন্দ্রীয় আইন আপনাআপনিই সেখানে কার্যকর হয়ে যায়। বন অধিকার আইনও সেখানে কার্যকর করা হবে বলে সেইসময় আশ্বাস দিয়েছিল জম্মু ও কাশ্মীর প্রশাসন। সেই সময় উপত্যকার মুখ্যসচিব বিভিআর সুব্রহ্মণ্যমের দফতর থেকে বলা হয়, "২০২১-এর ১৫ জানুয়ারির মধ্যে এই সংক্রান্ত সমীক্ষা সংম্পূর্ণ হলে, মার্চ মাসের মধ্যে উপত্যকায় বন অধিকার আইন কার্যকর হয়ে যাবে।"

হাজার হাজার আপেল গাছ নিধন ছাড়াও স্থানীয়দের ঘরবাড়ি গুঁড়িয়ে দেওয়া এবং উচ্ছেদ নোটিস ধরানোর পিছনে রাজনৈতিক উদ্দেশ্য এবং ধর্মীয় বিদ্বেষ লুকিয়ে রয়েছে বলে অভিযোগ স্থানীয়দের। এই মুহূর্তে উপত্যকায় গুর্জর এবং বাখরওয়াল গোষ্ঠীর প্রায় ২০ লক্ষ মানুষের বাস। উপত্যকার মোট জনসংখ্যার ১২ শতাংশ এই দুই গোষ্ঠীর মানুষ। কাশ্মীরি এবং ডোগরাদের পর তারাই সেখানকার তৃতীয় বৃহত্তম সম্প্রদায়।

সূত্র: *আনন্দবাজার, এনডিটিভি ও আলজাজিরা*

পূর্ব তুর্কিস্তান | চীন কর্তৃক মুসলিম নিধনে তৈরি কনসেন্ট্রেশন শিবিরের মানচিত্র

বছরের পর বছর ধরে কমিউনিস্ট চীন সরকার কর্তৃক বর্বরোচিত নির্যাতনের শিকার হয়ে আসছেন পূর্ব তুর্কিস্তানের মুসলিমরা। স্বল্প পরিশরে হলেও যার কিছু লোমহর্ষক তথ্য আপনারা সামাজিক যোগাযোগ মাধ্যম ও মিডিয়াগুলোতে দেখেছেন। যেখানে লক্ষ লক্ষ মুসলিমকে জোরপূর্বক ধর্মান্তরিত করা হচ্ছে, তাদের দ্বারা বিভিন্ন কাজ করতে বাধ্য করা হচ্ছে, নিত্য-নতুন আবিষ্কৃত ভ্যাকসিন ও ঔষধ তাদের শরিরে প্রয়োগের মাধ্যমে পরিক্ষা করা হচ্ছে, এবং তাদের শরিরের বিভিন্ন অঙ্গ দেহ থেকে আলাদা করে বিক্রি করা হচ্ছে।

সম্প্রতি চীন সরকার কর্তৃক মুসলিম নিধনের জন্য তৈরি করা কনসেন্ট্রেশন শিবিরের একটি মানচিত্র প্রকাশ করেছেন উইগুর মুসলিমদের ব্যাপারে সোচ্চার কিছু সাংবাদিক।

ম্যাপটিতে বিভিন্ন রংঙের চিন্হ দিয়ে এসব শিবিরগুলো চিন্হিত করেছেন তারা।

লাল: কনসেন্ট্রেশন শিবির

কালো: কারাগার

নীল: কবরস্থান

সবুজ: চীন কর্তৃক ধ্বংস করা মসজিদ

মালি | মদ্যপ ফরাসি সেনাদের মধ্যে বিরোধ, ২ সৈন্য আহত

মালিতে দখলদার ফরাসি মদ্যপ সেনাদের মাঝে সংঘর্ষের ঘটনা ঘটেছে, এতে দুই ফরাসি ক্রুসেডার সৈন্য গুরুতর আহত হয়।

গত ২৭ই ডিসেম্বর ফরাসি আর্মি স্টাফের এক বিবৃতিতে বলা হয়েছে, পশ্চিম আফ্রিকার দেশ মালির উত্তরাঞ্চলীয় গাও শহরে অবস্থিত ফরাসি সামরিক ঘাঁটিতে সেনাদের মাঝে একটি বিরোধ দেখা দিয়েছে। আর্মি স্টাফের দাবি হচ্ছে, মদ পানের পর মাতাল হলে সৈন্যদের মধ্যে এই সংঘর্ষ হয়, যাতে দুই সৈন্য আহত হয়। যাদের মধ্যে এক সৈন্যের অবস্থা আশংকাজনক জানিয়েছে চিকিৎসকরা।

র্কিনা ফাসো | মুরতাদ বাহিনীর উপর আল-কায়েদার হামলা, ২টি পিকআপ ট্রাক গনিমত

বুর্কিনা ফাসো সীমান্তে দেশটির মুরতাদ বাহিনীর উপর হামলা চালিয়েছে জিএনআইএম এর মুজাহিদিন, এতে বহু মুরতাদ সৈন্য হতাহত হয়েছে।

পশ্চিম আফ্রিকা ভিত্তিক সংবাদ মাধ্যমগুলোর তথ্যমতে, গত ১৫ ই ডিসেম্বর বুর্কিনা ফাসো ও নাইজার সীমান্তবর্তী বুধিনাব অঞ্চলে বুর্কিনা ফাসোর 'মনসিলা' সেনাবাহিনীর বিরুদ্ধে একটি সফল অভিযান পরিচালনা করেন আল-কায়েদা শাখা 'জামা'আত নুসরাতুল ইসলাম ওয়াল মুসলিমিন' (জিএনআইএম) এর মুজাহিদিন। এতে কতক মুরতাদ সৈন্য নিহত ও আহত হয়, বাকি সৈন্যরা ময়দান ছেড়ে পলায়ন করে।

এই অভিযান শেষে মুজাহিদগণ মুরতাদ বাহিনী থেকে ২টি পিকআপ ট্রাক, ২টি একেএম(AKM) অস্ত্র, ৫৬টি রাইফেল, প্রচুর গোলাবারুদ ভর্তি কয়েকটি বাক্স, বেল্টস, ম্যাগস, ব্যালিস্টিক হেলমেট, কৌশলগত ব্যাকপ্যাক এবং অন্যান্য সরঞ্জামাদি গনিমত লাভ করেন।

ফটো রিপোর্ট | রক্তাক্ত ফিলিস্তিন, ৭ হাজার মুসলিম হতাহত

২০০৮ ঈসায়ী সনের ২৭ ডিসেম্বর ছিলো মুসলিম বিশ্বের বিশেষ করে ফিলিস্তিনীদের জন্য একটি কালো রাত। যেদিন দুপুর ১১:০০ সময় দখলদার ইহুদীরা গাজা উপত্যকায় বর্বরোচিত আগাসান চালিয়েছিল, যা টানা ২২ দিন যাবত স্থায়ী হয়েছিলো। এসময় দখলদার ইহুদীদের হামলায় শাহাদাত বরণ করেছিলেন ১৫০০ জন ফিলিস্তিনী মুসলিম, আহত হয়েছিলেন আরো ৫৫০০ এরও অধিক।

ঐসময়ে দখলদার ইহুদীদের আগ্রাসনের কিছু দৃশ্য…

https://alfirdaws.org/2020/12/28/45419/

ফিরে দেখা | একটি কালো রাত ও ১৫০০ ফিলিস্তিনির শাহাদাত বরণ

ফিলিস্তিনের গাজা উপত্যকায় দখল ইহুদী সন্ত্রাসীদের বর্বর আগ্রাসনের আজ ১২তম বার্ষিকী। উক্ত আগ্রাসনের সময় ১ হাজার ৫ শত ফিলিস্তিনীকে শহিদ এবং ৫ হাজার ৫ শত ফিলিস্তিনীকে রক্তাক্ত (আহত) করেছিলো দখলদার ইহুদীরা।

সময়টা ছিল রবিবার, ২৭ ডিসেম্বর ২০০৮ ঈসায়ী সনের দুপুর ১১:০০ টা। ঐদিন দখলদার ইহুদী সন্ত্রাসী বাহিনী বিভিন্ন ধরণের প্রায় ৮০ টি সামরিক বিমান দ্বারা একযোগে গাজা উপত্যকায় বর্বরোচিত বোমা হামলা চালায়। একদিনের বিমান হামলায় শাহাদাত বরণ করেন প্রায় ২২০ জন ফিলিস্তিনি। দখলদার ইহুদীদের এই আগ্রাসনকে 'আল-ফুরকান যুদ্ধ' নামে অভিহিত করা হয়। যা ২২ দিন ধরে স্থায়ী হয়েছিল।

দখলদার ইহুদীদের প্রথমদিনের হামলায় হতাহতদের বেশিরভাগই ছিল ফিলিস্তিনি মুক্তিকামী দলের সদস্য। যাদের মাঝে গাজার ততকালীন গভর্নর আবু আহমেদ আশুরও ছিল।

প্রথমদিন ইহুদীদের এমন বর্বরোচিত আগ্রাসন ও বোমা হামলা তীব্র নিন্দা জানায় মুসলিম রাষ্ট্রগুলো, অপরদিকে বর্বরোচিত এই হামলার প্রতিশোধ নিতে মুক্তিকামী ছোট বড় সব

দলগুলোই একযোগে ইহুদীদের লক্ষ্যবস্তুতে ঐদিন রকেট বৃষ্টি চালাতে শুরু করে। যার ফলে ইহুদীরা বাধ্য হয় ৪৮ ঘন্টার যুদ্ধ বিরতি ঘোষণা করতে। কিন্তু ইহুদীরা তাদের সভাব অনুযায়ী যুদ্ধবিরতির ২৪ ঘন্টা না যেতেই, আন্তর্জাতিক সকল নিয়াম-কানুনকে বৃদ্ধাঙ্গুলি দেখিয়ে পূণরায় গাজায় হামলা চালাতে শুরু করে।

টানা আট দিন ধরে দখলদার ইহুদীদের যুদ্ধ বিমানগুলি গাজা উপত্যকার বিভিন্ন অঞ্চলে বর্বরোচিত বোমা হামলা চালিয়ে যায়, এসময় বাধ্য হয়ে ফিলিস্তিনী মুক্তিকামীরাও উপত্যকা সংলগ্ন ইস্রায়েলে রকেট ও বোমা হামলা চালিয়ে প্রতিক্রিয়া জানায়।

এরপর দখলদার ইস্রায়েলি ইহুদিরা সামরিক স্থাপনার পরিবর্তে দাতব্য সংস্থা, হাসপাতাল, মসজিদ, স্কুল এবং অন্যান্য প্রতিষ্ঠান সহ বেসামরিক লোকদের বাড়িঘর লক্ষ্যবস্তু করে হামলা চালাতে শুরু করে। অতঃপর ২০০৯ সালের জানুয়ারীর তৃতীয় দিন থেকে দখলদার বাহিনী গাজায় গ্রাউন্ড আক্রমণ শুরু করে, এসময় তারা কয়েকশো ট্যাঙ্ক, বোমারু বিমান, রকেট এবং ক্ষেপণাস্ত্র ব্যবহার করে।

ইউরোপীয় বিশেষজ্ঞ ও সংস্থাগুলি জারি করা রিপোর্ট অনুসারে, দখলদার ইহুদীরা বিমান ও প্রচলিত অস্ত্রের মাধ্যমে লক্ষ্য অর্জনে ব্যর্থ হওয়ার পরে, বেসামরিক নাগরিকদের বিরুদ্ধে নিষিদ্ধ অস্ত্র ব্যবহার শুরু করেছিলেন, বিশেষত সাদা ফসফরাস এবং পাতলা ইউরেনিয়াম, এভাবে ২২ দিন যাবৎ বর্বরোচিত এই বোমা হামলা চালাতে থাকে দখলদার ইহুদীরা। আর এসব নিষিদ্ধ অস্ত্র প্রয়োগের প্রমাণ মিলে শহীদদের মৃতদেহ, এছাড়াও অনেক সাংবাদিক হামলার কিছু দৃশ্য তখন ক্যামেরায় ধারণ করেছিলেন।

ঐবছর গাজায় দখলদার ইহুদীদের আগ্রাসনের ফলে প্রায় ১,৫০০ জন মুসলিম শহিদ হয়েছিলেন, যাদের মাঝে ৪১২টি শিশু ও ১১১ জন মহিলাসহ বেশিরভাগই ছিলো বেসামরিক নাগরিক। এছাড়াও আহত হয়েছিল আরো ৫,৫০০ ফিলিস্তিনী নাগরিক, যাদের মধ্যে অনেকেই এখনো স্থায়ী অক্ষমতায় ভুগছেন। ধ্বংস করে দেওয়া হয়েছিল ৩৪ স্বাস্থ্যকেন্দ্র, ৬৭ শিক্ষাপ্রতিষ্ঠান, ২৭টি মসজিদ ও বেসমারিক নাগরিকদের বহু বাড়িঘর।

২৭শে ডিসেম্বর, ২০২০

ভারতে করোনা নিয়ন্ত্রণের বাইরে: কোটি ছাড়িয়েছে রোগী সংখ্যা

গত ১৯ ডিসেম্বর নাগাদ ভারতে নিশ্চিত করোনা রোগীর সংখ্যা এক কোটি ছাড়িয়ে যায়। করোনা রোগী সংখ্যার দিক থেকে বিশ্বে যুক্তরাষ্ট্রের পরেই ভারত।

কয়েক মাস আগে ভারতের সবচেয়ে বড় বস্তি ধারভিতে করোনার প্রাদুর্ভাব ঘটে, যাকে দেশের সম্ভাব্য সবচেয়ে বড় মহামারি বোমা হিসেবে বিবেচনা করা হয়। দুই বর্গকিলোমিটার এলাকাজুড়ে এই বস্তিতে ১০ লাখের বেশি মানুষের বাস।

এখন ভাইরাসটি নগর থেকে গ্রামাঞ্চলে ছড়িয়ে পড়ছে, যেখানে স্বাস্থ্যসেবা খুবই ভঙ্গুর। রাষ্ট্রের শীর্ষ পর্যায়, সরকারি ও বিরোধী রাজনৈতিক দলের নেতাসহ বহু ব্যক্তি করোনায় আক্রান্ত হয়েছে।

সরকারি হাসপাতালে বিছানা দুর্লভ হয়ে পড়েছে। এগুলো নোংরাও। বেসরকারি হাসপাতালগুলো গলাকাটা ফি চার্য করে। করোনা আক্রান্ত গরিব মানুষের বাঁচা-মরা ভাগ্যের উপর নির্ভরশীল হয়ে পড়েছে।

বিশেষজ্ঞদের ধারণা, ভারতে করোনার আসল চেহারা আরো ভয়ংকর। গত সেপ্টেম্বরের গোড়ার দিকে যুক্তরাষ্ট্রের মিশিগান বিশ্ববিদ্যালয়ের বায়োস্ট্যাটিসটিকস অ্যান্ড এপিডেমিওলজি’র প্রফেসর ব্রাহ্মর মুখার্জি তখনই বলেছিল যে ভারতে কোটির বেশি মানুষ করোনায় আক্রান্ত হয়েছে।

অন্যান্য দেশের তুলনায় ভারতের করোনাভাইরাসে মারা যাওয়ার সংখ্যা তুলনামূলক কম। তবে এ জন্য অনেক মৃত্যুর খবর না জানা এবং অনেক রোগীর করোনা আক্রান্ত হওয়ার বিষয়টি সঠিকভাবে পরীক্ষা না করা দায়ি হতে পারে।

মহামরি নিয়ন্ত্রণ ও প্রতিরোধের জন্য গত মার্চে ভারত বিশ্বের সবচেয়ে বিস্তৃত লকডাউন আরোপ করে। এতে কোটি কোটি গ্রামীণ অভিবাসী শ্রমিক কর্ম হারায়। অর্থনীতির নিম্নমুখি চাপ সামলাতে না পেরে গত জুন থেকে পর্যায়ক্রমে নিয়ন্ত্রণ শিথিল করতে শুরু করে দেশটির সরকার।

ভারতের ম্যাক্স হেলথকেয়ারের *মেন্টাল হেলথ অ্যান্ড বিহেভিয়রাল সাইন্স* বিভাগের এক গবেষণায় উল্লেখ করা হয় যে ভারতের মানুষ কোভিড-১৯ উদ্বেগে ভুগছে। এ কারণে প্রতি চারজনের একজন ভারতীয় মহা চাপে আছে এবং তাদের চিকিৎসা করানো প্রয়োজন।

ভবিষ্যতে ভারতের পরিস্থিতি আরো খারাপ হতে পারে। দেশটির অসুবিধা দুটি: প্রথমত, এর জনসংখ্যা বিশাল। ঘন বসতিপূর্ণ। ফলে গরীবদের পক্ষে নিরাপদ দূরত্ব বজায় রাখা প্রায় অসম্ভব। দ্বিতীয়ত, দেশটির সামাজিক উন্নয়ন নীচু মানের। বিশেষ করে পশ্চাদপদ এলাকাগুলোতে। ফলে ভারতে নিশ্চিত করোনা রোগী সংখ্যা যুক্তরাষ্ট্রকে ছাড়িয়ে যাওয়ার সম্ভাবনা খুবই বেশি।

বাংলাদেশে মুক্তি পাচ্ছে 'কমান্ডো' নামক ইসলাম বিদ্বেষী সিনেমা

এবার সিনেমায় যুক্ত হচ্ছে, কলকাতার চিত্রনায়ক দেব অভিনীত "Commando (কমান্ডো)" নামক একটি চলচ্চিত্র। ইতিমধ্যে এর Trailer বের করা হয়েছে। যেখানে, দাঁড়ি, পাগড়ি, পাঞ্জাবি পরিহিত লোকদের 'জঙ্গি' সন্ত্রাসী চরিত্রে অভিনয় করানো হয়েছে। ইসলামকে বিকৃত বানানোর এক ঘৃণ্য মহড়া চলছে। (ইন্নালিল্লাহ)

এই ইসলাম বিদ্বেষী মুভি নিয়ে অলরেডি সোস্যাল মিডিয়ায় তোলপাড় শুরু হয়েছে। Abdul Hi Muhammad Saifullah সাহেবের ফেসবুক স্টাটাসটি নিচে তুলে ধরা হলো:-

সিনেমা দেখিনা, খবরও রাখিনা, কিন্তু অনলাইন দুনিয়ায় যেহেতু আছি, সিনেমার টিজারের স্ক্রিনশট দেখে কপাল কুঁচকে গেলো। দুনিয়া ব্যাপী ইসলাম নিয়ে যে বহু পর্যায়ের ষড়যন্ত্র চলছে এই সিনেমা তারই অংশ বলে মনে হচ্ছে।

ইসলাম আর মুসলমানদের নানান কৌশলে এতদিন দাড়ি, টুপি, জুব্বা, রুমাল, সুরমা কে রাজাকার, বদমায়েশ, চরিত্রহীনদের পোশাক বানিয়ে অপমান করেছে ভারত ও এদেশের মুভি মেকাররা।এবার যৌথ উদ্যোগ নিয়েছে!! নতুন সংযুক্তি, চরিত্র নয় সাবজেক্টই হবে সেটি! কৌশলে বিষয়টিই বাংলা সিনেমার সাবজেক্ট হচ্ছে! মুভি বিশ্বমানে নিয়ে যাওয়া বলে কথা!

১ম ছবিটি দেখুন। কালেমা খচিত পতাকা, পতাকার নীচের অংশে AK-47 এর সিম্বল । পতাকার পেছন থেকে অস্ত্র হাতে বেরিয়ে আসছে কথিত সন্ত্রাসীরা ।

২য় ছবিটিতে দেখুন। চার দিকে আরবি লিখা। টিজারের এই অংশে দেখানো হচ্ছে কথিত সন্ত্রাসীরা সুন্নাতি পোষাক পড়ে “নারায়ে তাকবির” “আল্লাহু আকবর” স্লোগান দিচ্ছে।

কালেমাধারীদের পরাজিত করার জন্য “নায়ক দেব” যুদ্ধ করে যাবে এই সিনেমাতে । এই মুভিতে দেখাবে ইসলামি ’জঙ্গিবাদ’ দমনে নায়ক দেব এসে হাজির হয়েছে। আর ’জঙ্গিদের’ সিম্বল হিসাবে কালিমা খচিত পতাকা ব্যবহার করা হয়েছে।

এখানে সুস্পষ্টভাবে ইসলামকে ডিমোনাইজ করা হচ্ছে। ভিলেন বানিয়েছে ইসলামকে । যা ইচ্ছাকৃত ইসলাম বিদ্বেষ ।

পরিচালক এই স্পর্ধা কোথায় পেলো! নাটক সিনেমায় আগে থেকেই খারাপ চরিত্র, ধর্ষক, বদমাশ দেখাতে দাড়ি টুপি চোখে সুরমা লাগায়। আমাদের নিরবতায় এখন ভিলেন চরিত্রে সরাসরি কালিমা ব্যবহার করার সাহস দেখাচ্ছে।

রিসেন্ট ঘটে যাওয়া নিউজিল্যান্ডের সন্ত্রাসী হামলা নিয়ে ক্রুশবিদ্ধকরণ মুভি বানিয়ে, খৃষ্টান সম্প্রদায়কে দায়ীকরে, দেব ও শোয়ার্জনেগার কে নায়ক বানান।

আরেকটা বানান লাখ লাখ মুসলিমকে রাখাইন ও পার্শ্ববর্তী দেশের উগ্রবাদীদের দারা হত্যা যুদ্ধাপরাধ ও বাড়িঘর জালিয়ে দেয়া নিয়ে। সেগুলি এত নিকটে ঘটলেও চোখে পড়লনা কেনো? ভন্ডামী সব ইসলাম আর সুন্নাতি পোষাক নিয়ে তাইনা! ইচ্ছাকৃত এসব শয়তানী কারবার দ্রুত বন্ধ করুন। নচেৎ এ নিয়ে শান্তির পরিবেশ নষ্ট হলে সিনেমা কর্তৃপক্ষ দায়- দায়িত্ব এড়াতে পারবে না।

উপমহাসগরীয় অঞ্চলে সর্ববৃহৎ গির্জা নির্মাণ করছে বাহরাইন

উপমহাসাগরীয় অঞ্চলের সর্ববৃহৎ গির্জা নির্মাণ করতে যাচ্ছে বাহরাইন। গত ২৩ ডিসেম্বর এ সংক্রান্ত একটি খবর প্রকাশ করে সৌদি পত্রিকা আরব নিউজ।

খবরে বলা হয়, ‘আওয়ার লেডি অফ এরাবিয়া ক্যাথেড্রাল’ নামে একটি গির্জা নির্মাণ হচ্ছে। এটি রাজধানী মানামা থেকে ২০ কিলোমিটার দূরে একটি দ্বীপে ৯ হাজার বর্গ মিটার এলাকা জুড়ে নির্মিত হচ্ছে।

বাহরাইন চার্চ প্রজেক্টের আওতায় গির্জাটি আগামী বছরের মে মাসে উন্মুক্ত হবে বলে আশাবাদ ব্যক্ত করেছে প্রকল্পটির প্রধান পর্যবেক্ষণকারী খ্রিস্ট ধর্মযাজক সাজি থমাস। সে ভারতের কেরালার বংশোদ্ভূত।

উত্তর আরবের খ্রিস্টিয় অ্যাপোস্টলিক ভিকারিয়েট অর্থাৎ, যে দেশ বা অঞ্চলগুলোতে মিশনারীরা এখনো খ্রিস্ট ধর্মযাজক কিংবা বিশপ কিংবা ডেকানদের প্রতিষ্ঠিত করতে পারেনি, সেখানে ক্যাথলিক চার্চের আওতায় আঞ্চলিক এখতিয়ার প্রতিষ্ঠার মিশনের অংশ হিসেবে গত ৭ বছর যাবত কাজ করে যাওয়া ধর্মযাজক ফাদার সাজি থমাস, ইতালিয়ান বিশপ ক্যামিলো বালিনের আকস্মিক মৃত্যুর পর এই হারকিউলিয়ান স্থাপত্য প্রকল্পের দায়িত্ব গ্রহণ করে।

এই ব্যাপারে সে আরব নিউজকে জানায়, বিশপ ক্যামিলো বালিনের আকস্মিক মৃত্যুতে আমি জলের বাইরে থাকা জীবিত মাছের মতো হয়ে পরেছিলাম! তবে বিশপ ক্যামিলো বালিন তার

মৃত্যুর আগেই আমাকে শিখিয়ে গিয়েছিল যে, একটি ক্যাথেড্রালের নকশা ও নির্মাণশৈলী কেমন হতে হয়, আর ক্যাথেড্রালই বা কিভাবে পরিচালনা করতে হয়।

তার বক্তব্য মতে, ক্যাথেড্রালটির কাঠামোটি অনন্য নকশায় নির্মিত হয়েছে। কেননা ক্যাথেড্রালটির উপরে যে অষ্টাভূজ আকৃতির গম্বুজ রয়েছে তা বাইবেলের ওল্ড টেস্টামেন্টে বর্ণিত একটি তাঁবুর মতো স্থাপিত। তাছাড়া, খ্রিস্ট ধর্মের লাকি নাম্বার হিসেবেও এই ৮ সংখ্যাটি বিবেচিত হয়ে থাকে বলে সে জানায়।

সাজি থমসন বলেছে, এই ক্যাথেড্রালটির উদ্ভব হয় মূলত বাহরাইনের বাদশাহ হামাদ আল খলিফা আজ থেকে ২০১৪ সালে যখন বাহরাইনের ক্যাথলিক সম্প্রদায়ের ক্যাথেড্রাল নির্মাণের জন্য বাহরাইনের ভূমি থেকে একটি প্লট বরাদ্দ দিয়েছিল তখন থেকে।

পরবর্তীতে ভ্যাটিকান সফরে পোপ ফ্রান্সিসের সাথে সাক্ষাতকালে সে পোপকে বাহরাইনের ক্যাথলিক সম্প্রদায়ের পাশে থাকার ও সহযোগিতার ব্যাপারে আশ্বস্ত করে বরাদ্দকৃত প্লটে বর্তমানে নির্মিত ক্যাথেড্রালটির ৩ ফুট উচ্চতার একটি মডেল দেখিয়ে তার কাঠামো, অবস্থা ও আশপাশ কেমন হবে বা তার সার্বিক পরিকল্পনার বিবরণ দিয়েছিল।

অপরদিকে, উপসাগরীয় ছোট মুসলিম রাষ্ট্র বাহরাইন, যেখানে কিনা ১ লক্ষ ৪০ হাজার ক্যাথলিক ধর্মাবলম্বীর ধারণক্ষমতা সম্পন্ন একটি চার্চ রয়েছে। সেখানে আবার আওয়ার লেডি অফ এরাবিয়া নামে উপমহাসাগরীয় দেশগুলোর মধ্যে সর্ববৃহৎ ক্যাথেড্রাল প্রতিষ্ঠা করা কতটা যুক্তিপূর্ণ তা নিয়ে অনেকেই প্রশ্ন তুলছেন।

উল্লেখ্য, তেলের খনি ও তেল শোধনাগারকে কেন্দ্র করে বহিরাগত কর্মীদের আবাসস্থলে পরিণত হয় বাহরাইনের রাজধানীর অদূরে অবস্থিত ছোট আওয়ালী দ্বীপ। উইকিপিডিয়ায় প্রকাশিত ২০১৯ সালের তথ্য অনুযায়ী ছোট আওয়ালী দ্বীপটির জনসংখ্যা মাত্র ১৭৬৯ জন। মুসলিম প্রধান রাষ্ট্রের অত্যন্ত ছোট একটি দ্বীপে ৯ হাজার বর্গ মিটার জায়গায় নির্মিত ক্যাথলিক ক্যাথেড্রালটি কি অতীব জরুরী?

কেনোনা বাহরাইনের সকল খ্রিস্টান যাদের সবাই আবার ক্যাথলিক, তাদের পরিমাণ হল দেশটির মোট জনসংখ্যার মাত্র ১০ শতাংশ। মোট জনসংখ্যার মাত্র ১০ শতাংশ নাগরিকের জন্য যেখানে, ১ লক্ষ ৪০ হাজার জন ধারণক্ষমতা সম্পন্ন একটি বিশাল ক্যাথেড্রাল আগে থেকেই আছে, সেখানে আবার ক্যাথেড্রাল নির্মাণের জন্য ৯ হাজার স্কয়ার মিটারের জায়গা দান ও ক্যাথেড্রাল নির্মাণ বাহরাইনের পদক্ষেপকে প্রশ্নবিদ্ধ করে।

তাছাড়া, গ্রেট ব্রিটেনের লন্ডনের মতো বিশাল শহরে পর্যন্ত এমন বিশালাকার কোনো গীর্জাই নির্মাণ করা হয়নি!

সূত্র: আরব নিউজ

চালের বাড়তি দরে ক্রেতাদের নাভিশ্বাস

গত কয়েক মাস ধরেই চালের বাজারে অস্থিরতা দেখা দিয়েছে। সরু থেকে শুরু করে মাঝারি ও মোটা চালের দাম অস্বাভাবিক হারে বাড়ছে। বাজার পরিস্থিতি এমন হয়েছে মিল পর্যায়েই প্রতি বস্তা চাল (৫০ কেজি) ৩ মাসের ব্যবধানে ৭শ’ টাকা পর্যন্ত বেড়েছে। আর এ বাড়তি দরে চাল কিনতে ভোক্তার নাভিশ্বাস বাড়ছে। সব চাইতে বেশি সমস্যায় পড়েছেন খেটে খাওয়া ও নিম্ন আয়ের মানুষ।

এ পরিস্থিতিতে চালের বাজার নিয়ে আজ (রোববার) সংবাদ সম্মেলনে আসছেন খাদ্যমন্ত্রী সাধন চন্দ্র মজুমদার। খাদ্য মন্ত্রণালয় সূত্রে জানা গেছে, চালের বাজার স্থিতিশীল রাখার লক্ষ্যে সরকারি পদক্ষেপ জানাতে এ সংবাদ সম্মেলনের আয়োজন করা হয়েছে।

এদিকে শনিবারে মিল পর্যায়ে, সরু চালের মধ্যে প্রতি বস্তা মিনিকেট বিক্রি হয়েছে ৩ হাজার টাকা। যা ৩ মাস আগে ছিল ২ হাজার ৩শ’ টাকা। সে ক্ষেত্রে ৩ মাসের ব্যবধানে প্রতি বস্তায় দাম বাড়ানো হয়েছে ৭শ’ টাকা। পাশাপাশি মাঝারি মানের চালের মধ্যে বিআর-২৮ জাত প্রতি বস্তা বিক্রি হয়েছে ২ হাজার ৬শ’ টাকা। যা ৩ মাস আগে ছিল ২ হাজার টাকা। আর মোটা

চালের মধ্যে স্বর্ণা প্রতি বস্তা বিক্রি হচ্ছে ২ হাজার ১৫০ থেকে ২ হাজার ২শ' টাকা। যা ৩ মাস আগে ছিল ২ হাজার টাকা।

জানতে চাইলে কনজ্যুমারস অ্যাসোসিয়েশন অব বাংলাদেশের (ক্যাব) সভাপতি গোলাম রহমান বলেন, কতিপয় অসাধু ব্যবসায়ী চালের দাম বাড়িয়েছে। তাই সরকারের উচিত, সরকারি গুদামে মজুদ বাড়িয়ে ও বাজার তদারকি করে চালের দাম কমিয়ে আনা। এতে ভোক্তার স্বস্তি ফিরবে। রাজধানীর পাইকারি বাজারে মিনিকেট চাল বিক্রি হয়েছে ৩ হাজার ৫০ থেকে ৩ হাজার ১০০ টাকা। যা ৩ মাস আগে ছিল ২ হাজার ৬শ' টাকা। বিআর-২৮ চাল বিক্রি হয়েছে ২ হাজার ৭শ' টাকা। যা ৩ মাস আগে ছিল ২ হাজার ৪শ' টাকা। আর স্বর্ণা জাতের চাল প্রতি বস্তা বিক্রি হয়েছে ২ হাজার ২শ' টাকা। যা ৩ মাস আগে ছিল ২ হাজার ১৫০ টাকা।

যার প্রভাব পড়েছে খুচরা বাজারে। শনিবার প্রতি কেজি মিনিকেট ও নাজিরশাল বিক্রি হয়েছে ৬২ থেকে সর্বোচ্চ ৬৭ টাকা। যা ৩ মাস আগে ছিল ৫৫-৫৭ টাকা। বিআর ২৮ চাল বিক্রি হয়েছে সর্বোচ্চ ৬০ টাকা, ৩ মাস আগে ছিল ৪৮-৫০ টাকা। মোটা চালের মধ্যে স্বর্ণা প্রতি কেজি বিক্রি হয়েছে ৫০-৫২ টাকা, যা ৩ মাস আগে ছিল ৪৫ টাকা।

কারওয়ান বাজারের আল্লাহর দান রাইস এজেন্সির মালিক ও পাইকারি চাল বিক্রেতা মো. সিদ্দিকুর রহমান যুগান্তরকে বলেছেন, এ বছর করোনা পরিস্থিতির শুরু থেকে (মার্চের শেষে) মিলাররা নানা অজুহাতে চালের দাম বাড়িয়েছে। কখনও সরবরাহ সংকট, কখনও শ্রমিক নাই মিল বন্ধ আবার কখনও ধানের দাম বেশি- এ করেই চালের দাম বাড়াচ্ছে মিলাররা। তারা বছরের শেষ সময় এসেও চালের দাম বাড়িয়েই যাচ্ছে। সর্বশেষ ৩ মাসের ব্যবধানে কেজিতে মিল পর্যায়ে ৫০ কেজির বস্তায় সর্বোচ্চ ৭শ' টাকা পর্যন্ত বাড়িয়েছে। যার প্রভাব পড়ছে ভোক্তা পর্যায়ে।

রংপুর ব্যুরো জানায়, রংপুরের বাজারে চাল ও ভোজ্যতেলের বাড়তি দাম ভোক্তাদের বিপাকে ফেলেছে। প্রায় ১ মাস ধরে প্রতি সপ্তাহে ভোজ্যতেল ও চালের দাম বেড়েই চলেছে। এতে করে সমস্যায় পড়েছেন নিম্ন আয়ের মানুষ। প্রতি কেজিতে প্রায় সব ধরনের চালের দাম বেড়েছে ৩-৫ টাকা। শনিবার রংপুরের মাহিগঞ্জ বাজার, সিটি বাজার, কামালকাছনা বাজার ও টার্মিনাল

বাজার, মডার্ন মোড়, লালবাগহাট ঘুরে ক্রেতা ও বিক্রেতাদের সঙ্গে কথা বলে এসব তথ্য পাওয়া গেছে।

মাহিগঞ্জ ও সিটি বাজার ঘুরে দেখা গেছে, বাজারে নতুন চাল স্বর্ণা প্রতি বস্তা (৫০ কেজি) বেচাকেনা হচ্ছে ২ হাজার ২৫০ থেকে ২ হাজার ৩শ' টাকায়। আর খুচরা বাজারে তা বিক্রি হচ্ছে ৪৮-৫০ টাকা কেজি দরে। আঠাশ চাল প্রতি বস্তা (৫০ কেজি) বেচাকেনা হচ্ছে ২ হাজার ৬শ' থেকে ২ হাজার ৬৫০ টাকায়। আর খুচরা বাজারে তা পাওয়া যাচ্ছে ৫৪-৫৫ টাকা কেজি দরে। এছাড়াও মিনিকেট, নাজিরশাইলসহ সব ধরনের চালের দাম কেজিতে বেড়েছে ৩-৫ টাকা পর্যন্ত।

খুলনা ব্যুরো জানায়, অধিক লাভের আশায় সিন্ডিকেট ও কারসাজিতেই বাড়ানো হয়েছে চালের দাম। এমনই জানিয়েছেন কয়েকজন ব্যবসায়ী। মাত্র সপ্তাহ খানেকের ব্যবধানে সব ধরনের চালের দাম কেজি প্রতি বৃদ্ধি পেয়েছে অন্তত ৪ টাকা। অর্থাৎ বস্তা প্রতি (৫০ কেজি) বৃদ্ধি পেয়েছে কমপক্ষে ২শ' টাকা।

নগরীর খুচরা বাজারগুলোতে শনিবার প্রতি কেজি চাল মোটা (স্বর্ণা) ৪৪ থেকে ৪৫ টাকা, আঠাশ বালাম ৫০ থেকে ৫৫ টাকা, মিনিকেট (ভালোমানের) ৬০ থেকে ৬২ টাকা, মিনিকেট (নিম্নমানের) ৫২ থেকে ৫৪ টাকা, বাসমতি ৬৫ টাকা দরে বিক্রি হয়েছে। অথচ এক সপ্তাহ আগে প্রতি কেজি চাল মোটা (স্বর্ণা) ৩৮ থেকে ৪০ টাকা, আঠাশ বালাম ৪৬ থেকে ৪৮ টাকা, মিনিকেট (ভালোমানের) ৫৪ থেকে ৫৫ টাকা, মিনিকেট (নিম্নমানের) ৩৮ থেকে ৪০ টাকা, বাসমতি ৫৮ থেকে ৬০ টাকা দরে বিক্রি হয়েছে।

পাকিস্তানে হেলিকপ্টার বিধ্বস্ত হয়ে ৪ সেনা নিহত

পাকিস্তানের উত্তরাঞ্চলে শনিবার একটি সামরিক হেলিকপ্টার বিধ্বস্ত হয়ে দুই পাইলটসহ চার সেনাসদস্য নিহত হয়েছে। খবর ডেইলি পাকিস্তানের।

পাক সেনাবাহিনীর এক বিবৃতিতে বলা হয়েছে, গিলগিট বালটিস্তান পার্বত্য অঞ্চলের মিনিমার্গ এলাকায় যান্ত্রিক ত্রুটির কারণে ওই দুর্ঘটনা ঘটে।

নিহতদের মধ্যে দুজন পাইলট– মেজর হুসেইন ও তার কো-পাইলট মেজর আয়াজ হোসেন ছাড়াও নায়েক ইনজামাম এবং মোহাম্মদ ফারুক নামে দুই সেনাসদস্য আছে।

সাকদু এলাকার সম্মিলিত সামরিক হাসপাতাল থেকে হেলিকপ্টারটি দিয়ে আবদুল কাদের নামে এক সিপাহির লাশ আনা হচ্ছিল। পথে হেলিকপ্টারটি মিনিমার্গ এলাকায় বিধ্বস্ত হয়।

খোরাসান | কাবুল সরকারের ৪৬ সেনার তালেবানে যোগদান

ইমারতে ইসলামিয়া আফগানিস্তানের দাওয়াতুল ইরশাদ কমিশনের দায়িত্বশীল কর্মকর্তাদের মেহনতের ফলে নতুন করে কাবুল সরকারের ৪৬ সেনা সদস্য তালেবানে যোগ দিয়েছে।

আল-ইমারাহ কর্তৃক গত ২৬ ডিসেম্বর প্রকাশিত এক রিপোর্টে বলা হয়েছে, শুধু আফগানিস্তানের কান্দাহার প্রদেশের উরগান্ডাব ও পাঞ্জাওয়ীব জেলা দু'টি থেকেই ৩২ কাবুল সরকারি সেনা ও পুলিশ সদস্য তাদের সামরিক পদ থেকে পদত্যাগের ঘোষণা দিয়েছেন। এবং তারা সকলেই তালেবান মুজাহিদদের সাথে এসে মিলিত হয়েছেন।

এমনিভাবে নানগারহারের খোগিয়ান থেকে ৫, জাওজানের ফয়জাবাদ থেকে ৩ এবং খোস্ত প্রদেশের মূসা-খাইল জেলা থেকে আরো ৩ সেনা সদস্য তালেবান মুজাহিদদের সাথে যোগ দিয়েছে। এছাড়াও আফগানিস্তানের বিভিন্ন স্থান থেকে আরো ডজনখানেক সৈন্য তালেবানে যোগ দিয়েছে।

ফটো রিপোর্ট | তালেবান কর্তৃক আরো একটি জেলা বিজয়ের হৃদয় প্রশান্তিকর দৃশ্য

ইমারতে ইসলামিয়া আফগানিস্তানের জানবায তালেবান মুজাহিদগণ গত দু'সপ্তাহ যাবৎ জাবুল প্রদেশের আটগার জেলায় অভিযান চালিয়ে জেলাটির প্রধান শহর দখল করে নিয়েছিলেন। তবে তখনও জেলাটির প্রধান সামরিক ঘাঁটিটি নিয়ন্ত্রিণ করছিল কাবুল বাহিনী। অতঃপর কয়েকদিন যাবৎ তালেবান মুজাহিদিন ঘাঁটিটি অবরোধ করে রাখলে খাবার ও রশদ সংকটে পড়ে মুরতাদ বাহিনী।

অবশেষে বাধ্য হয়ে গত ২৫ ডিসেম্বর, হেলিকপ্টার যোগে জেলাটির সর্বশেষ সামরিক ঘাঁটিটিও ছেড়ে পালায় কাবুল সৈন্যরা। সেনা সদস্যদের পলায়নের মধ্যদিয়ে জেলাটি পুরোপুরি নিয়ন্ত্রণে নেন তালেবান মুজাহিদগণ। স্থল পথে পালাতে না পারায় রেখে যেতে হয় অনেক সামরিযান ও অস্ত্রশস্ত্র, যা পরবর্তিতে তালেবান মুজাহিদগণ গনিমত লাভ করেন।

আফগানিস্তান | ৪২০০টি শিক্ষা ও স্বাস্থ্যকেন্দ্র নির্মাণের সিদ্ধান্ত নিয়েছে তালেবান

ইমারতে ইসলামিয়ার সাথে আলোচনার পর আফগানিস্তান জুড়ে ২ হাজার ২শত শিক্ষাকেন্দ্র ও স্বাস্থ্যকেন্দ্র নির্মাণে সম্মত হয়েছে জাতিসংঘ।

তালেবান তাদের এক প্রতিবেদনে জানিয়েছে যে, ইমারতে ইসলামিয়া আফগানিস্তান ও জাতিসংঘের শিশু তহবিলের (ইউনিসেফ) মধ্যে বেশ কয়েকটি বৈঠক ইতিমধ্যে অনুষ্ঠিত হয়েছে। এসব বৈঠকে অনেকটাই ফলপ্রসূ আলোচনার হয়েছে বলেও জানিয়েছে তালেবান। এই ফলপ্রসূ আলোচনার পর দু'পক্ষ সারাদেশে ৪ হাজার শিক্ষাকেন্দ্র নির্মাণে সম্মত হয়েছে। এসব শিক্ষাকেন্দ্রগুলোতে দ্বীনি ইলমের পাশাপাশি আধুনিক শিক্ষার প্রতিও সর্বোচ্চ গুরুত্ব দেয়া হবে।

অন্যদিকে, ইমারতে ইসলামিয়া এবং জাতিসংঘের বিশ্ব স্বাস্থ্য সংস্থার (ডব্লুএইচও) মধ্যেও কয়েকটি বৈঠক হয়েছে। এই সংস্থাটিও তালেবানদের সাথে মিলে আফগানিস্তানে প্রায় 200 স্বাস্থ্যকেন্দ্র এবং ক্লিনিক তৈরি করতে সম্মত হয়েছি।

ইমারতে ইসলামিয়ার শিক্ষা ও স্বাস্থ্য কমিশনের সাথে বৈঠকের পর জাতিসংঘের উভয় স্বাস্থ্য আনুষ্ঠানিকভাবে এই চুক্তি ও উন্নয়ন মূলক কর্মকান্ড কে সমর্থন করেছে।

তালেবান মুজাহিদিন তাদের অফিসিয়াল বার্তায় বারবার বলে আসছে যে, ইমারতে ইসলামিয়া ধর্মীয় ও আধুনিক শিক্ষা উন্নয়নে সর্বোচ্চ অগ্রাধিকার এবং গুরুত্ব দেয়ে আসছে। তবে তালেবান কাবুলের দুর্নীতিবাজ ও পুতুল সরকারের ধর্ম বিরুধী বিষাক্ত ষড়যন্ত্র মূলক শিক্ষাব্যবস্থা চায়না। তালেবান কখনোই এমন শিক্ষা চায়না যা জনসাধারণের মানসিকতাকে বিভ্রান্ত করে এবং ইমারতে ইসলামিয়াকে আধুনিক শিক্ষার ও উন্নয়নের পথে অন্তরায় বলে অভিহিত করতে চায়।

দেশ জুড়ে শিক্ষা ও স্বাস্থ্য ক্ষেত্রে ইমারতে ইসলামিয়ার কর্মকান্ড ও সাম্প্রতিক উদ্যোগুলো এটাই প্রমাণ করছে যে, তালেবান সরকার কখনোই শিক্ষা ও উন্নয়ন প্রকল্পের বিরুধী নয়। মহান আল্লাহ্ তা'আলার ইচ্ছায়, এই দখলদারিত্বের অবসানের পর পরই ইমারতে ইসলামিয়া ক্ষতিগ্রস্থদের উন্নায়ন, দেশ পুনর্গঠন, দেশের সুরক্ষা, স্থিতিশীল পরিবেশ ও সমৃদ্ধি পথে জোরদার কাজ করে যাবে। ইনশাআল্লাহ্।

২৬শে ডিসেম্বর, ২০২০

দেওয়াল চাপা পড়ে কাশ্মীরে দুই ভারতীয় মালাউন সেনার মৃত্যু

শুক্রবার সেনা ছাউনির দেওয়াল চাপা পড়ে কাশ্মীরে দুই ভারতীয় সেনার মৃত্যু হয়েছে। জম্মু কাশ্মীরের কাঠুয়া জেলার মাছেড্ডিতে এই ঘটনা ঘটে। শুক্রবার রাতে আচমকাই ভেঙে পড়ে ব্যারাকের ওই দেওয়াল।

তার তলায় চাপা পড়ে যায় ভারতীয় সেনারা। এই ঘটনায় আরও এক সেনা গুরুতর আহত হয়েছে বলে খবরে জানা গেছে। বিল্লাওয়ার পুলিশ স্টেশনের খুব কাছেই অবস্থিত এই সেনা ছাউনি।

ভারতীয় গণমাধ্যম বলছে, ওই দুই সেনা ব্যারাকে দেওয়ালের ধারে কিছু কাজ করছিল। তখনই দেওয়ালটি ভেঙে পড়ে। গুরুতর আহত হয় তিনজন। দ্রুত আহতদের এস ডি এইচ বিল্লাওয়ারে নিয়ে যাওয়া হয়।

হাসপাতালে দুই সেনাকে মৃত বলে ঘোষণা করা হয়। ওই দুই সেনার নাম পরিচয় প্রকাশ করা হয়েছে। একজন সুবেদার এস এন সিং।

৪৫ বছরের এই সেনা সদস্য হরিয়ানার সোনিপতের বাসিন্দা ছিল। আরেকজন ৩৯ বছরের নায়েক পারভেজ কুমার। তিনি সাম্বার বাসিন্দা ছিল।

যে আহত হয়েছে, তার নাম সিপাই মঙ্গল সিং। বছর ৪৬-এর মঙ্গল হরিয়ানার পানিপথের বাসিন্দা। গুরুতর অবস্থায় তাকে এমএইচ পাঠানকোটে স্থানান্তরিত করা হয়েছে।

টিকা বিতর্ক: বিশ্বজুড়ে ভ্যাক্সিন দেয়া না দেয়া নিয়ে বিতর্ক

সম্প্রতি বিশ্বজুড়ে বাড়ছে ভ্যাক্সিন বিরোধী মনোভাব। এরই অংশ হিসেবে ব্রাজিলে প্রেসিডেন্ট জেইর বলসোনারো করোনা ভাইরাসের টিকা গ্রহণ করবেননা বলে সাফ জানিয়ে দিয়েছেন। টিকা তার কুকুরের প্রয়োজন হতে পারে বলে মন্তব্য করেন তিনি। খবর এএফপি, হিন্দুস্তান টাইমস, সিএনএন।

অতীতে, মুসলিম দেশসমূহে টিকাদানে অনিহা থাকলেও এখন পশ্চিমা বিশ্বসহ ব্রাজিলের মতো রাষ্ট্রেও টিকাদানে অনিহা সৃষ্টি হয়েছে। ক্রমেই বিশ্বেই দানা বাধতে শুরু করেছে টিকা বিরোধী মনোভাব।

https://bit.ly/37KlqLC

গত কয়েকমাস পূর্বে ‘দ্য বিল অ্যান্ড মেলিন্ডা গেটস ফাউন্ডেশন’ করোনার ভ্যাক্সিনের জন্য আর্থিক অনুদান দিলে সৃষ্টি হয় চরম বিতর্ক। ঐ সময় পশ্চিম বিশ্বের সামাজিক যোগাযোগমাধ্যম ইউটিউব ও ফেইসবুকে ছড়িয়ে পড়েছিল যে, বিল গেটস ও একটি চক্র পৃথিবীতে মানুষ কমাতে চাচ্ছেন। অভিযোগ তোলা হয় টিকার মাধ্যমে মানুষের শরীরে মাইক্রোচিপ ঢুকিয়ে দেবার।

বিল গেটস ২০১৫ সালে কানাডার ভ্যাংকুভারে এক সম্মেলনে দেয়া ভাষণে বলেছিল, ‘আগামী কয়েক দশকে যদি ১ কোটি লোকের মৃত্যু হয় – তবে সেটা যুদ্ধের মাধ্যমে নয়, বরং সেটি সংঘটিত হবে সংক্রামক ভাইরাসের মাধ্যমে। ‘

তখনকার এ ভাষণে কোন কিছু বুঝা না গেলেও ২০২০ সালে এসে করোনা ভাইরাসের অজুহাতে গোটা পৃথিবীতে বিশ্ব স্বাস্থ্য সংস্থা কর্তৃক সৃষ্ট লকডাউন বিপর্যয়ের পর অনেকের কাছেই বিষয়টি পরিষ্কার।

পশ্চিমা বিশ্বে মানুষের ধারণা, এই চক্রটি পৃথিবীকে জনশূন্য ও নিয়ন্ত্রণ নিতে চাইছে, কেউ বলেন তারা মানুষের শরীরে মাইক্রোচিপ ঢুকিয়ে দিতে চান, কেউ বলেন তারা টিকা নেয়া বাধ্যতামূলক করতে চান। কানাডার ভ্যাংকুভারের বিল গেটস প্রদত্ত ওই ভাষণটি ছিল তারই ইঙ্গিত।

যুক্তরাষ্ট্রের এক চতুর্থাংশ মানুষ এবং ৪৪ শতাংশ রিপাবলিকান বিশ্বাস করে বিল গেটস কোভিড-১৯ টিকা ব্যবহার করে মানুষের চামড়া নিচে মাইক্রোচিপ ঢুকিয়ে দিতে চায়। এই জরিপটি চালিয়েছিল ইয়াহু নিউজ এবং ইউগভ।

এর আগে ২০১৮ সালে ইন্দোনেশিয়ার উলামা কাউন্সিল এক ফতোয়ায় টিকা গ্রহণ হারাম ফতোয়া দেন। হাম, কলেরা, ভ্যাক্সিনে শুকরের জেলাটিন সংশ্লিষ্টতায় হারাম ফতোয়া দিয়েছিল তারা। এরপর থেকেই ইন্দোনেশিয়রা বিরত ছিলেন টিকাদানে। পরে অবশ্য দেশীয় ও আন্তর্জাতিক চাপে ফতোয়া থেকে পিছু হটে উলামা কাউন্সিল। কিন্তু সাধারণ মানুষ আর তাদের সন্তানদের টিকা দিতে আগ্রহী হয়ে ওঠেননি।

https://www.sciencealert.com/indonesian-global-vaccine-action-plan-immunisation-rates-fall-following-fatwa

একইভাবে মালয়েশিয়াতেও ঘটেছিল টিকা বিরোধী বিতর্ক। ভ্যাকসিনে শুকরের জেলাটিন সংশ্লিষ্টতায় টিকা দেয়া থেকে বিরত ছিল তারাও। দেশটিতে রাষ্ট্রীয় পর্যায়ে ব্যাপক প্রচারণা চালানো হলেও মুসলিম এ দেশটিতে এখনও সফলতা পায়নি টিকা কার্যক্রম। কেননা ইসলাম ধর্মে শুকর স্পষ্ট হারাম।

https://www.straitstimes.com/asia/se-asia/anti-vaccine-movement-on-the-rise-in-malaysia

সম্প্রতি ফাইজারের করোনা টিকা নেয়ার পর সংবাদ সম্মেলনে বসে অজ্ঞান হয়ে পড়েছেন যুক্তরাষ্ট্রের টেনেসির হাসপাতালে এক নার্স। এ ঘটনা নিয়ে যথেষ্ট বিতর্ক তৈরি হয়েছে। টেনেসির সিএইচআই মেমোরিয়াল হাসপাতালের নার্স টিফানি ডোভার টিকা নেয়ার পর সাংবাদিকরা তার প্রতিক্রিয়া জানতে চেয়েছিলেন। খবর রয়টার্সের।

তার পর সাংবাদিকদের সঙ্গে কথা বলতে বলতেই হঠাৎ অসুস্থ হয়ে পড়েন টিফানি। তিনি বলতে শুরু করেন, আমার মাথা ঘুরছে।

ভিডিও দেখা যায়, হঠাৎ অজ্ঞান হয়ে পড়ছেন তিনি। ঘটনার কিছুক্ষণের মধ্যে সুস্থ হয়ে গেলেও এভাবে অজ্ঞান হয়ে যাওয়ায় টিকার পার্শ্বপ্রতিক্রিয়া নিয়ে প্রশ্ন উঠছে। সোশ্যাল মিডিয়ায় ভাইরাল হওয়া এই ভিডিও দেখে অনেকেই আতঙ্কগ্রস্ত হয়ে পড়েছে।

এদিকে, ব্রাজিলের প্রেসিডেন্ট বলেন, ' তার সাতে ফাইজার যে চুক্তি করেছে তাতে পরিষ্কার করে বলা রয়েছে, পার্শ্ব প্রতিক্রিয়ার জন্য তারা দায়ি হবে না। অর্থাৎ ভ্যাকসিন নিয়ে আপনার যাই হোক না কেন, ফাইজার কিন্তু তার দায় নেবে না। এবার আপনি ভ্যাকসিন নিয়ে কুমির হয়ে যেতে পারেন। আবার আপনি সুপারহিউম্যান হতে পারেন। কোনও পুরুষের গলা থেকে মহিলাদের মতো আওয়াজ বেরোতে পারে। আবার কোনও মহিলার মুখে আচমকা দাড়ি গজাতে

পারে। কিন্তু এসব সমস্যা আপনাকেই সামলাতে হবে। ভ্যাকসিন-এর আবিষ্কারক সংস্থা কিন্তু দায় ঝড়ে ফেলবে।’

এর আগে গত ১৬ ডিসেম্বর টিকাদান কর্মসূচি উদ্বোধন করেই ব্রাজিলের প্রেসিডেন্ট ঘোষণা দেন, এটা বিনামূল্যে হলেও বাধ্যতামূলক নয়।

তবে ১৭ ডিসেম্বর দেশটির সুপ্রিম কোর্ট রুল জারি করেছেন, ‘করোনা টিকা নেয়া বাধ্যতামূলক। তবে, কারও ওপর বলপ্রয়োগ করা যাবে না। আদালত কর্তৃপক্ষ চাইলে টিকা না নেয়া মানুষজনকে জরিমানা অথবা নির্দিষ্ট জায়গায় প্রবেশ নিষিদ্ধ করতে পারবে।’

অথচ সুপ্রিম কোর্টের এই আদেশকে বৃদ্ধাঙ্গুলি দেখিয়ে জেইর বোলসোনারো বলেছেন, তিনি কখনোই করোনা টিকা নেবেন না।

তিনি প্রশ্ন রেখে বলেন, ‘অনেকেই বলবে, আমি বাজে উদাহরণ সৃষ্টি করছি। কিন্তু যারা এসব কথা বলে, আমি সেই নির্বোধদের বলছি, আমি ইতোমধ্যেই ভাইরাসে আক্রান্ত হয়েছি, এর মাধ্যমে আমার শরীরে অ্যান্টিবডি তৈরি হয়েছে। তা হলে আমি কেন টিকা নেব?’

উল্লেখ্য যে, বিশ্ব স্বাস্থ্য সংস্থা এবং একটি বিশেষ গোষ্ঠী করোনা ভাইরাসের অতি প্রচারণার পেছনে একটি অশুভ উদ্দেশ্য ছিলো। তারা ১ ঘণ্টার সংবাদে ৪০ মিনিট প্রচার করতো করোনার খবর।

তারা প্রচার করেছিলো- মানুষ যদি জমায়েত হয়, তবে মানবজাতি বিলুপ্ত হবে, লাশের স্তুপ পড়বে। এই তত্ত্ব দিয়ে তারা বিশ্বঅর্থনীতি, শিক্ষাখাতসহ গোটা বিশ্বে বারোটা বাজিয়ে দিয়েছে।

ধর্মীয় উপসানলয় বন্ধ করে দিয়েছে, ঈদ করতে দেয়নি, হজ্জ করতে দেয়নি, কোরবানী বন্ধ করতে চেয়েছিল। কিন্তু এখন দেখা যাচ্ছে, মানুষ জমায়েত হওয়ার পরও, শীত আসার পরও লাশের স্তুপও পড়ছে না, মানবজাতি বিলুপ্তও হচ্ছে না।

এ থেকে কিন্তু ইতিমধ্যে প্রমাণিত হয়েছে, করোনা ভাইরাস নিয়ে অতি ভীতি ছড়ানো স্বাভাবিক কোন বিষয় ছিলো না, ছিলো বিশেষ উদ্দেশ্য-লক্ষ্য। তার অংশ হিসেবেই যেহেতু করোনা

ভ্যাকসিন আসছে, সুতরাং সেই ভ্যাকসিন নামক বিষয়টিকেও সরল বিশ্বাসে মেনে নেয়ার সুযোগ নেই বলে মনে করেন বিশেষজ্ঞরা।

এছাড়া টিকা তৈরির মূল উপকরণ নিয়ে প্রশ্ন উঠেছে মুসলিম দেশগুলোতে। অনেকেরই অভিযোগ— এই টিকায় ব্যবহার হয়েছে শূকরের চর্বি।

গাজায় বিমান হামলা চালিয়েছে দখলদার ইসরাইল

ফিলিস্তিনের গাজায় শুক্রবার রাতে বিমান হামলা চালিয়েছে ইসরাইলের যুদ্ধবিমান।

দখলকৃত গাজার আল-বুরেইজ শরণার্থী শিবির ও দেইর আল-বালাহ এলাকায় দখলদার ইসরাইলি বাহিনী ওই বিমান হামলা চালিয়েছে বলে শনিবার সকালে স্থানীয়রা গণমাধ্যমকে জানিয়েছেন। খবর আনাদোলুর।

ইসরাইলি হামলায় গাজার পূর্বাঞ্চলে আল-তুফা এলাকায় শিশুদের একটি হাসপাতাল, একটি আবাসিক এলাকা ও একটি বিকলাঙ্গদের পুনর্বাসন কেন্দ্রের ব্যাপক ক্ষতি হয়েছে।

ফরিদগঞ্জে অস্ত্রসহ মেয়র প্রার্থী আটক

চাঁদপুরের ফরিদগঞ্জে মাছের ঘেরের বাঁধ কেটে দেয়ার ঘটনায় যুবলীগ নেতা ও মেয়র প্রার্থী মাকসুদুল বাসার বাঁধন পাটওয়ারীকে আটক করা হয়েছে। এ সময় তার কাছ থেকে দেশীয় অস্ত্র ও ককটেলসদৃশ বস্তু উদ্ধার করা হয়। এ ব্যাপারে শুক্রবার বিকালে পুলিশের ওপর হামলা ও অস্ত্র এবং বিস্ফোরক আইনে দুটি পৃথক মামলা হয়েছে। যদিও আটক বাঁধন পাটওয়ারী এ ঘটনাকে পরিকল্পিত বলে দাবি করেছেন।

জানা গেছে, বৃহস্পতিবার রাতে ফরিদগঞ্জ পৌর এলাকার ৯নং ওয়ার্ডের চরকুমিরা গ্রামে গিয়াস উদ্দিন বাবুল পাটওয়ারীদের আবাদকৃত মাছের ঘেরের বাঁধ কেটে দেয়ার ঘটনা ঘটে।

পাহারাদার সাহাবুদ্দিন জানান, যুবলীগ নেতা মেয়র প্রার্থী মাকসুদুল বাসার বাঁধন পাটওয়ারী নিজে ওই মাছের ঘেরের বাঁধ কেটে দেয়। যাতে পানির স্রোতে মাছ ভেসে যায়। এতে সে বাধা দিতে গেলে বাঁধন পাটওয়ারী তাকে অস্ত্র দিয়ে মারার হুমকি দেয়। এ সময় তাদের সঙ্গে বাঁধন পাটওয়ারীর ধস্তাধস্তি হয়। একপর্যায়ে পুলিশ তার কাছ থেকে একটি চাইনিজ কুড়াল, একটি ছোরা ও ককটেলসদৃশ বস্তু উদ্ধার করে এবং তাকে আটক করে। ফরিদগঞ্জ থানার এসআই নাছির উদ্দিন বাদী হয়ে সরকারি কাজে বাধা, অস্ত্র আইনে ও বিস্ফোরক উদ্ধারের ঘটনায় পৃথক দুটি মামলা করে।

ইয়াবা দিয়ে ফাঁসিয়ে দেওয়ার ভয় দেখিয়ে প্রায় ৩ লাখ টাকা ছিনিয়ে নেয় পুলিশ

চট্টগ্রামের সীতাকুণ্ডে ইয়াবা দিয়ে ফাঁসিয়ে দেওয়ার ভয় দেখিয়ে দুই লাখ ৮০ হাজার টাকা ছিনিয়ে নেয় সাইফুল আলম নামে পুলিশের এক এসআই।

বৃহস্পতিবার (২৪ ডিসেম্বর) রাতে আরো তিন সোর্সসহ পাঁচজনের বিরুদ্ধে ভুক্তভোগী আবু জাফর বাদী হয়ে মামলা দায়ের করে। তবে এ নিয়ে পুলিশের কোনো কর্মকর্তাই মুখ খুলতে রাজি হয়নি।

এস আই সাইফুল আলম এবং কনস্টেবল সাইফুল ইসলাম সীতাকুণ্ড মডেল থানায় কর্মরত ছিল।

মামলার বাদী আবু জাফর সময় সংবাদকে বলেছিলেন, ‘পুলিশ আমার কাছে টাকা ছিনিয়ে নিয়েছিল। আমি সব কিছু জানিয়ে মামলা করেছি।’ ঘটনার বিবরণে জানা গেছে, গত ২০ ডিসেম্বর ঢাকা থেকে পিক-আপ গাড়ি কিনতে চট্টগ্রামের সীতাকুণ্ডে আসেন আবু জাফর নামে এক ব্যক্তি।

গাড়ি বিক্রেতা তৌহিদের সঙ্গে তার গাড়ির দাম নিয়ে বনিবনা না হওয়া তিনি পুনরায় ঢাকা চলে যাওয়ার সিদ্ধান্ত নেন। সে অনুযায়ী শ্যামলী কাউন্টারে চলে আসেন। বাস কাউন্টারে বসে অপেক্ষা করার সময় দু’জন লোক তার দু’পাশে বসে তাকে আটকে ফেলে। ওই দু’লোকের

ফোন পেয়েই কিছুক্ষণের মধ্যে প্রাইভেট কারে করে সেখানে উপস্থিত হন এসআই সাইফুল আলম এবং কনস্টেবল সাইফুল ইসলাম। আবু জাফরের কাছে ইয়াবা থাকার নাম করে গাড়িতে করে তুলে নিয়ে যায় পুলিশ।

এরপর শরীরে ইয়াবা থাকার সন্দেহে সীতাকুণ্ডে জেনারেল হাসপাতালে নিয়ে গিয়ে এক্সরে'ও করে। কিন্তু ইয়াবা না পেলেও সাথে থাকা ২ লাখ ৮০ হাজার টাকা ছিনিয়ে নেন ওই দুই পুলিশ সদস্য। এমনকি সঙ্গে থাকা মোবাইল ফোনও ছিনিয়ে নেন তারা। টাকা ও মোবাইল ফোন ছিনিয়ে নিয়ে পুলিশ সদস্যরা আবু জাফরকে পুনরায় ওই প্রাইভেটকারে করে শ্যামলী কাউন্টারে পৌঁছে দেয়।

কিন্তু শ্যামলী কাউন্টারে পৌঁছার আগে আবু জাফর কান্নাকাটি শুরু করলে তখন পুলিশ সদস্যরা তাকে বলে 'বাঁচবি না কি মরবি'। আবু জাফর বাঁচার আকুতি জানালে তারা তাকে শাসিয়ে দেয়। যাতে কাউকে টাকা নেয়ার কথা না বলে। পরে বৃহস্পতিবার সন্ধ্যায় এই দুই পুলিশ সদস্য ছাড়াও সোর্স রিপন, হারুন এবং রাজু নামে ৫ জনকে আসামি করে মামলা করেন আবু জাফর।

সময়টিভি

মাদরাসার হেফজখানায় রহস্যজনক আগুন, পুড়ে ছাই গোডাউন

রাজবাড়ী শহরের দারুল উলুম ভাজনচালা দাওরায়ে হাদিস মাদরাসার হেফজখানায় রহস্যজনক অগ্নিকাণ্ডের ঘটনা ঘটেছে। শুক্রবার (২৫ ডিসেম্বর) ভোর ৪টার দিকে ওই হেফজেখানায় আগুন লাগার ঘটনা ঘটে।

জানা গেছে, হেফজখানায় রাতে ছাত্ররা থাকেন। এছাড়া এর পাশের গোডাউনে রাখা ছিল মাদরাসার ছাত্র-শিক্ষকদের খাবারের চাল, ডাল, লবনসহ অন্যান্য জিনিস। হঠাৎ ভোরে হেফজখানার পাশের পাঠকাঠিতে আগুন দেখা যায়। তারপর গোডাউনে আগুন জ্বলে ওঠে এবং মুহূর্তের মধ্যে হেফজখানায়ও আগুন ছড়িয়ে পড়ে। এ সময় ছাত্ররা কোনোরকমে বাইরে

আসলেও পুড়ে যায় ভেতরে থাকা সকল জিনিসপত্র। তবে ঘরে থাকা কুরআন শরীফের উপরের অংশ পুড়লেও ভেতরে কোনো ক্ষতি হয়নি।

এদিকে হেফজখানার সঙ্গের রান্নাঘরে বড় চারটি গ্যাস সিলিন্ডার থাকলেও কোনো ক্ষতি হয়নি। ফলে আগুন নিজে থেকেই লেগেছে, নাকি লাগানো হয়েছে- এ নিয়ে প্রশ্ন রয়েছে ছাত্র ও শিক্ষকদের মাঝে। এছাড়া রান্নাঘরে আগুনের কোনো চিহ্ন দেখা যায়নি।

মাদরাসার ছাত্র শরিফুল ইসলাম বলেন, হেফজখানায় তারা প্রায় ৪০ জন রাতে পড়া শেষে ঘুমিয়ে পড়েন। হঠাৎ ভোরে ঘুম ভাঙলে দেখতে পান আগুন লেগেছে। সেসময় চিৎকার করে বাইরে চলে আসেন। পরে মুহূর্তের মধ্যে সব পুড়ে যায়।

মাদরাসার শিক্ষক মো. রকিবুল ইসলাম বলেন, প্রথমে পাটকাঠিতে আগুন দেখা গেলে তা নেভানোর চেষ্টা চলে। কিন্তু অন্যপাশে গোডাউনেও হঠাৎ আগুন জ্বলে ওঠে। পরিকল্পিতভাবে এ আগুন লাগানো হয়েছে।

মাদরাসার অধ্যক্ষ ইলিয়াছ মোল্লা জানান, আগুনে হেফজখানার আসবাবপত্র, কিতাবসহ অন্যান্য বই পুড়েগিয়েছে। এছাড়া গোডাউনে থাকা চাল, ডাল, তেল পুড়ে গিয়েছে। সব মিলে প্রায় ১০ লক্ষ টাকার ক্ষতি হয়েছে। বৈদ্যুতিক শর্ট সার্কিট বা রান্নার চুলা থেকে আগুন লাগার কোনো চিহ্ন খুঁজে পাচ্ছি না। নাকি অন্য কোনো কারণে আগুন লেগেছে তাও বুঝতে পারছি না।

রাজবাড়ী ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের স্টেশন অফিসার রবিউল ইসলাম জানান, আগুন লাগার সংবাদে ঘটনাস্থলে এসে এক ঘণ্টা ২৫ মিনিটের চেষ্টায় আগুন নিয়ন্ত্রণে আনেন। এ ঘটনায় কোনো হতাহত নেই। তবে ঘর ও গোডাউনে থাকা সব পুড়ে গেছে। মাদরাসার শিক্ষক ও স্থানীয়দের থেকে জানা গেছে রান্নার চুলা থেকে আগুনের সূত্রপাত হয়েছে।

রামমন্দির নির্মাণে এবার কুদরতি বাধা

অযোধ্যায় ঐতিহাসিক বাবরি মসজিদ শহীদ করে রামমন্দির নির্মাণের কাজে কুদরতি বাধা পড়েছে।

গত বছর ভারতীয় কুফরী সুপ্রিম কোর্টের অন্যায় নির্দেশের মাধ্যমে রামমন্দির নির্মাণে বাহ্যিকভাবে বাধা ছিল না। গত ৫ আগস্ট ঘটা করে দেশটির প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি মন্দিরের ভিত্তিপ্রস্তরও স্থাপন করেছে। কিন্তু এবার কুদরতি বাধার সম্মুখীন রামমন্দিরের নির্মাণ। ফলে একপ্রকার মাথায় হাত দিয়ে বসেছে রাম জন্মভূমি ট্রাস্ট।

শ্রী রাম জন্মভূমি তীর্থক্ষেত্র ট্রাস্ট জানিয়েছে, মাটি পরীক্ষার পর দেখা গেছে, মন্দিরের ভর ধরে রাখার মতো ক্ষমতা নেই নির্মীয়মাণ কাঠামোর। যার জেরে সমস্যায় মন্দির নির্মাণের কাজ। ফলে বিকল্প উপায় খুঁজে বেড়াচ্ছে ট্রাস্ট। আইআইটি, এনআইটি, সেন্ট্রাল বিল্ডিং রিসার্চ ইনস্টিটিউট (রুরকি), এবং লারসেন অ্যান্ড টিউব্রোর মতো সংস্থার প্রযুক্তি বিশেষজ্ঞরা মন্দিরের প্রস্তাবিত গর্ভগৃহের পশ্চিম দিকে পানির তোড়ে বেলেমাটি ধসে যাওয়ার দরুন সমস্যার সম্মুখীন।

গোটা স্থাপত্যের যে নকশা লারসেন অ্যান্ড টিউব্রো জমা দিয়েছে, তাতে দেখা গেছে, ভূপৃষ্ঠ থেকে ২০-৪০ মিটার গভীরে ১২০০ কংক্রিট পিলার বসানো হবে। ট্রাস্টের সচিব জানিয়েছেন, বেশ কয়েকটি পিলার ভূপৃষ্ঠ থেকে ১২৫ ফুট নিচে বসিয়ে তার ২৮ দিন পর পরীক্ষা করা হয়েছিল। সেই স্তম্ভগুলোর উপর ৭০০ টন ভর চাপিয়ে পরীক্ষা করা হয়। কিন্তু "আশানুরূপ ফল পাওয়া যায়নি। মেশিনে যে রিডিং পাওয়া যায় সেটা আশা করা হয়নি।

শহীদ বাবরি মসজিদের স্থানে নির্মাণাধীন মন্দিরের প্রস্তাবিত নকশা

বস্তুত, গর্ভগৃহের পশ্চিম দিকে সরযু নদী বয়ে চলেছে। যেখানে পিলারগুলো বসানো হয়েছে তার পাশেই নদীর পানি এবং বেলেমাটি রয়েছে। ইঞ্জিনিয়ারদের মতে, নরম বালি স্থাপত্যের ভর ধরে রাখতে পারবে না। তাই বিশেষজ্ঞরা চিন্তাভাবনা করছেন কীভাবে মন্দিরের গর্ভগৃহের কাছে নদীর পানিকে আটকে রাখা যায়। কীভাবে বালির উপর স্থাপত্য তৈরি করা যায় এবং কংক্রিট পিলারের আয়ু বাড়ানো যায়।

সূত্র : ইন্ডিয়ান এক্সপ্রেস

অক্সিজেনের অভাবে রোগীর মৃত্যু: স্বজন-চিকিৎসকদের সংঘর্ষে আহত ৫

জামালপুর জেনারেল হাসপাতালে অক্সিজেনের অভাবে রোগীর মৃত্যুকে কেন্দ্র করে স্বজন ও চিকিৎসকদের মধ্যে দফায় দফায় সংঘর্ষের ঘটনা ঘটেছে। এতে মৃত রোগীর দুই স্বজনসহ অন্তত পাঁচজন আহত হয়েছেন।

শুক্রবার (২৫ ডিসেম্বর) দুপুরে রোগীর মৃত্যুর পর বিকেল ৫টা পর্যন্ত দফায় দফায় সংঘর্ষের এ ঘটনা ঘটে।

স্বজন ও চিকিৎসকরা জানায়, শহরের ইকবালপুর এলাকায় আহলে হাদিস অনুসারীদের মসজিদে জুমার নামাজ আদায় করতে গিয়ে দু'তলা থেকে পড়ে গুরুতর আহত করিমন বেগম (৬৫) নামের এক বৃদ্ধা। পরে স্বজনরা তাকে জামালপুর জেনারেল হাসপাতালে নিয়ে গেলে কর্তব্যরত চিকিৎসক তাকে ভর্তি করেন। এ সময় করিমন বেগমের শ্বাসকষ্ট শুরু হলে হাসপাতালের ওয়ার্ডে সরবরাহ না থাকায় অক্সিজেনের অভাবে তার মৃত্যু হয়। পরে রোগীর মৃত্যুকে কেন্দ্র করে জরুরি বিভাগের দায়িত্বরত চিকিৎসক স্টাফ ও মৃতের স্বজনদের মাঝে সংঘর্ষ শুরু হয়। খবর পেয়ে ইন্টার্ন চিকিসৎসকরা আসলে স্বজন ও ইন্টার্ন চিকিৎসকদের মধ্যে সংঘর্ষ শুরু হয়। হামলায় জরুরি বিভাগের দায়িত্বরত চিকিৎসক চিরঞ্জিব সরকার, ইন্টার্ন চিকিৎসক হাবিবুল্লাহ, মৃত রোগীর দুই স্বজন শহিদুল ও জিহাদ আহত হয়।

পরে সদর থানা পুলিশ ঘটনাস্থলে পৌঁছালে তাদের উপস্থিতিতেই ইন্টার্ন চিকিৎসকরা আবারো রোগীর স্বজনদের মারধর করে। এতে মৃত রোগীর মেয়ে জামাই মো. সাইদুর ইসলাম আহত হয়।

মৃত করিমন বেগমের ভাতিজা শহিদুল বলেন, করিমন বেগমকে আহত অবস্থায় হাসপাতালে ভর্তির পর চিকিৎসকরা মহিলা ওয়ার্ডে পাঠায়। এ সময় তার শ্বাসকষ্ট শুরু হয়। কিন্তু ওই ওয়ার্ডে অক্সিজেন সরবরাহ না থাকায় তার মৃত্যু হয়। এ বিষয়ে প্রতিবাদ করতে গেলে চিকিৎসকরা হামলা করে।

জামালপুর শেখ হাসিনা মেডিকেল কলেজের ইন্টার্ন চিকিৎসক রিয়াদ মাহমুদ জানান, জুমার নামাজের পর এক রোগীর মৃত্যুর ঘটনায় জরুরি বিভাগে দায়িত্বরত চিকিৎসকের উপর রোগীর স্বজনরা হামলা করেছে খবর পেয়ে ঘটনাস্থলে যাই। এ সময় স্বজনদের সঙ্গে ডাক্তার পরিচয়ে কথা বলতে চাইলে তারা হামলা করে।

২৫শে ডিসেম্বর, ২০২০

সৌদি আগ্রাসনে ইয়েমেনে নিহত ৩,৮০০ শিশু

ইয়েমেনে সৌদি নেতৃত্বাধীন জোটের বর্বর আগ্রাসনে এখন পর্যন্ত ৩,৮০০ শিশু নিহত হয়েছে। আহত হয়ে চিরতরে পঙ্গু হয়েছেন হাজার হাজার শিশু। প্রয়োজনীয় চিকিৎসা নিতে পারছে না চার লাখের বেশি শিশু।

গত ২৪ ডিসেম্বর রাজধানী সানায় বার্ষিক স্বাস্থ্য সম্মেলনে ইয়েমেনের স্বাস্থ্যমন্ত্রী এসব কথা বলেন। তিনি বলেন, ইয়েমেনের যেসব মানুষ সৌদি জোটের আগ্রাসন ও অবরোধের অসহায় শিকার তাদের মধ্যে শিশুরা শীর্ষে রয়েছে। এর মধ্যে অর্ধেকের বেশি শিশু খাদ্য অভাবে ভুগছে।

সৌদি নেতৃত্বাধীন জোট ইয়েমেনের শিশু হাসপাতালগুলোতেও হামলা চালাতে লজ্জাবোধ করছে না বলে তিনি মন্তব্য করেন।

সম্মেলনে স্বাস্থ্যমন্ত্রী ২০১৮ সালের আগস্ট মাসে উত্তরাঞ্চলীয় সা'দা প্রদেশে একটি স্কুলবাসে বিমান হামলার প্রসঙ্গ তুলে ধরে বলেন, এ ঘটনার মাধ্যমে পরিষ্কার হয় যে, সৌদি জোট শিশুদের বিরুদ্ধে যুদ্ধ করছে।

শুধু কৃষ্ণাঙ্গ বলে চিকিৎসা দেয়নি যুক্তরাষ্ট্রের হাসপাতাল, অতঃপর মৃত্যু

মার্কিন যুক্তরাষ্ট্রে একটি হাসপাতালের বিরুদ্ধে করোনায় আক্রান্ত এক কৃষ্ণাঙ্গ চিকিৎসকের সঙ্গে বর্ণবাদী আচরণের অভিযোগ উঠেছে।

যুক্তরাষ্ট্রের ইন্ডিয়ানা অঙ্গরাজ্য একটি হাসপাতালে এ ঘটনা ঘটে। পেশায় একজন চিকিৎসক ছিলেন তিনি।

৫২ বছর বয়সী সুসান মুরে নামে ওই কৃষ্ণাঙ্গ চিকিৎসার জন্য ইন্ডিয়ানা অঙ্গরাজ্যের হাসপাতালের বিছানায় যন্ত্রণায় কাতরাচ্ছিলেন। এ সময় কোন একজন ডাক্তারও তাকে চিকিৎসা দেবার জন্য এগিয়ে আসেনি।

সামাজিক যোগাযোগমাধ্যমে একটি ভিডিওতে দেখা যায়, মারা যাওয়ার আগে তিনি বলেছিলেন, যুক্তরাষ্ট্রে চিকিৎসার ক্ষেত্রেও কালো মানুষেরা চরম বৈষম্যের শিকার। আমি একজন চিকিৎসক হয়েও শ্বেতাঙ্গ চিকিৎসকের বর্ণবাদী আচরণের শিকার হচ্ছি।

তিনি বলেন, আমি প্রচণ্ড শ্বাসকষ্টে ছটফট করলেও শ্বেতাঙ্গ চিকিৎসক আমাকে চিকিৎসা দিতে এগিয়ে আসেননি।

সূত্র : ইসলামটাইমস।

ফটো রিপোর্ট | তালেবান কর্তৃক ৮১০ কৃষকের মাঝে উন্নত গম এবং রাসায়নিক সার বিতরণ

